# আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭ : ১৫

## আরবি মূল আয়াত:

وَ ذَكَرَ اسۡمَ رَبِّهٖ فَصَلّٰی ﴿١٥﴾

## অনুবাদসমূহ:

আর তার রবের নাম স্মরণ করবে, অতঃপর সালাত আদায় করবে। — আল-বায়ান

আর তার প্রতিপালকের নাম স্মরণ করে ও নামায কায়েম করে। — তাইসিরুল

এবং স্বীয় রবের নাম স্মরণ করে ও সালাত আদায় করে। — মুজিবুর রহমান

And mentions the name of his Lord and prays. — Sahih International

### ১৫. এবং তার রবের নাম স্মরণ করে ও সালাত কায়েম করে।(১)

(১) কেউ কেউ অর্থ করেছেন, তারা তাদের রবের নাম স্মরণ করে এবং সালাত আদায় করে। বাহ্যতঃ এতে ফরয ও নফল সবরকম সালাত অন্তর্ভুক্ত। কেউ কেউ ঈদের সালাত দ্বারা এর তাফসীর করে বলেছেন যে, যে যাকাতুল ফিতর এবং ঈদের সালাত আদায় করে। কোন কোন মুফাসসির বলেন, “নাম স্মরণ করা’ বলতে আল্লাহকে মনে মনে স্মরণ করা এবং মুখে তা উচ্চারণ করাও উদ্দেশ্য হতে পারে। অর্থাৎ আল্লাহকে মনে মনে বা মুখে উচ্চারণ করে স্মরণ করেছে, তারপর সালাত আদায় করেছে। সে শুধু আল্লাহর স্মরণ করেই ক্ষান্ত থাকেনি বরং নিয়মিত সালাত আদায়ে ব্যাপৃত ছিল। মূলত: এ সবই আয়াতের অর্থ হতে কোন বাধা নেই। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### ১৫। এবং নিজ প্রতিপালকের নাম স্মরণ করে ও নামায আদায় করে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5963

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন